



স্মারক নং-এসইডিপি/ডিএনসি/মন্ত্রণালয় ও যোগাযোগ/০১/২০২৩/২৩০

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ বিস্তারণ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের প্রশিক্ষক নির্বাচনের জন্য আবেদন গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (সাধারণ/মাদ্রাসা/কারিগরি/সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংযুক্ত মাধ্যমিক শাখা) জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত ৮ম ও ৯ম শ্রেণিতে পাঠ্যপুস্তক এর সাহায্যে শিক্ষণ কার্যক্রম চালু হতে যাচ্ছে। আমরা জানি, নতুন শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তন হয়েছে। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য শিক্ষক/কর্মকর্তাগণকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের প্রশিক্ষক হতে আগ্রহী মাধ্যমিক পর্যায়ে (সাধারণ/মাদ্রাসা/কারিগরি) শিক্ষা কার্যক্রমের সাথে যুক্ত শিক্ষক (যাদের পিডিএস/ইনডেক্স নম্বর রয়েছে/স্থায়ী নিয়োগ) এবং কর্মকর্তার ক্ষেত্রে শুধু উপজেলা একাডেমিক সুপারভাইজারগণের নিকট হতে আবেদন গ্রহণ করা হবে। আবেদন প্রক্রিয়া সম্পূর্ণরূপে অনলাইনে সম্পন্ন করা হবে (নির্দেশিকা সংযুক্ত)। প্রশিক্ষক হতে আগ্রহী সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তাগণকে www.emis.gov.bd ওয়েবসাইটে NCF মডিউলে 'প্রশিক্ষকগণের জন্য আবেদন করুন' লিংকের মাধ্যমে নিম্নবর্ণিত ছকের সময়সীমা অনুযায়ী আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	পর্যায়	আবেদনের সময়সীমা
১	জেলা পর্যায়ের প্রশিক্ষক	২১ সেপ্টেম্বর - ২৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.
২	উপজেলা পর্যায়ের প্রশিক্ষক	২৫ সেপ্টেম্বর - ২৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

বিঃ দ্র:

১. মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে (সরকারি/বেসরকারি/শিক্ষা প্রতিষ্ঠান যাদের ইআইআইএন নম্বর আছে) জীর প্রতিষ্ঠানের প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনে যোগ্য শিক্ষকগণকে আবেদন করার বিষয়ে উৎসাহিত করার জন্য অনুরোধ করা হলো।

২. একজন শিক্ষক/কর্মকর্তা শুধু একটি পর্যায়ের প্রশিক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন।

বিষয়টি জরুরি।

সংযুক্তি:

১. প্রশিক্ষকদের জন্য আবেদন করার নির্দেশিকা

Signature
20.09.2023

(মোসা : আইরিন হক)

সহকারী পরিচালক

ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা।

বিস্তারণ:

- পরিচালক (সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (জীর আওতাধীন অঞ্চলে প্রচারণার অনুরোধসহ);
- উপপরিচালক (মাধ্যমিক, সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (জীর আওতাধীন অঞ্চলের সকল জেলায় প্রচারণার অনুরোধসহ);
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউসি অধিদপ্তর (অফিস আদেশটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড ও নোটিশ অকারে প্রচারের অনুরোধসহ);
- জেলা শিক্ষা অফিসার (সকল) (জীর আওতাধীন জেলা'র সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণার অনুরোধসহ);
- সহকারি প্রোগ্রামার (সকল জেলা) (প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ);
- উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (জীর আওতাধীন উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণার অনুরোধসহ);

স্মারক নং-এসইডিপি/ডিএনসি/মন্ত্রণালয় ও যোগাযোগ/০১/২০২৩/২৩০ (১৩)

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ



অনুলিপি: সদর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ন্যাশনাল প্রোগ্রাম কোঅর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- প্রোগ্রাম কোঅর্ডিনেটর ও অতিরিক্ত সচিব (বালিকা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;